**2024/FYUG/ODD/SEM/**
**BNGSEC–101T/229**

**FYUG Odd Semester Exam., 2024**

BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGSEC–101T

**( সংযোগের রূপ-রীতি, পাণ্ডুলিপি প্রস্তুতি ও প্রতিবেদন লেখন )**

*পূর্ণমান* : ৫০

উত্তীর্ণমান : ২০

*সময়* : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Learnfo

## UNIT—I

১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'সংযোগ' শব্দটির ইংরেজী প্রতিশব্দ কী?

(খ) 'একক কথন'-কে কত ভাগে ভাগ করা হয়েছে?

(গ) 'ঘরোয়া সংযোগ'-এর একটি উদাহরণ দাও।

(ঘ) সাক্ষাৎকারের একটি উদ্দেশ্য লেখো।

২। সংলাপ কাকে বলে? ২

অথবা

৩। লেখ্য সংযোগ-এর যে কোনো দুটি বৈশিষ্ট্য লেখো। ২

৪। সাক্ষাৎকারের দুটি উপায় সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা

৫। সংলাপ বা ডায়লগের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ৫

## UNIT—II

৬। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'আর্কাইভস (archives)' শব্দটির উৎপত্তি কোন্ শব্দ থেকে হয়েছে?

(খ) 'ই'-নথির একটি উদাহরণ দাও।

(গ) সংকোচন কাকে বলে?

(ঘ) 'ডেটা' কী?

৭। নথি কয় প্রকার ও কী কী? ২

অথবা

৮। আর্কাইভস বলতে কী বোঝায়? ২

৯। নথির শ্রেণীবিভাগ সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা

১০। নিম্নের অনুচ্ছেদটির সারসংক্ষেপ উপস্থাপন করো : ৫

"দেখ, আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি? খাইতে পাইলে কে চোর হয়? দেখ, যাঁহারা বড় বড় সাধু, চোরের নামে শিহরিয়া উঠেন, তাঁহারা অনেকে চোর অপেক্ষাও অধার্মিক। তাঁহাদের চুরি করিবার প্রয়োজন নাই বলিয়াই চুরি করেন না। কিন্তু তাঁহাদের প্রয়োজনাতীত ধন থাকিতেও চোরের প্রতি যে মুখ তুলিয়া চাহেন না, ইহাতেই চোর চুরি করে। অধর্ম চোরের নহে, চোর যে চুরি করে, সে অধর্ম কৃপণ ধনীর। চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী। চোরের দণ্ড হয়, চুরির মূল যে কৃপণ তাহার দণ্ড হয় না কেন?"





## UNIT—III

১১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'পাণ্ডুলিপি' শব্দটির উৎপত্তি কোথা থেকে হয়েছে?

(খ) যতিচিহ্ন কাকে বলে?

(গ) বিরাম চিহ্নের অপর নাম কী?

(ঘ) দুটি বাক্যের মধ্যে অর্থের সম্বন্ধ থাকলে কোন্ বিরাম চিহ্ন বসে?

১২। সাহিত্যিক পাণ্ডুলিপি কত প্রকার ও কী কী? ২

অথবা

১৩। প্রাচীন বাংলায় কয়টি বিরাম চিহ্ন ব্যবহৃত হত? সেগুলো কী কী? ২

১৪। পাণ্ডুলিপি সংরক্ষণ ও তার পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা

১৫। উদাহরণসহ যে কোনো পাঁচ প্রকার বিরাম চিহ্নের পরিচয় দাও। ৫

## UNIT—IV

১৬। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'পঞ্জি' শব্দের অর্থ কী?

(খ) 'APA'-এর পূর্ণ রূপ কী?

(গ) কোন্ তথ্যকে মাধ্যমিক তথ্য বলা হয়?

(ঘ) 'Ibid' কী জাতীয় শব্দ?

১৭। পাদটীকা কাকে বলে? ২

অথবা

১৮। উৎসের ভিত্তিতে তথ্যকে কত ভাগে ভাগ করা যায় ও কী কী? ২

১৯। তথ্যসূত্রের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা

২০। এম. এল. এ. (MLA) স্টাইলের গুরুত্বপূর্ণ নির্দেশিকাগুলি আলোচনা করো। ৫

## UNIT—V

২১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) প্রতিবেদন কাকে বলে?

(খ) প্রতিবেদন কত ধরনের হতে পারে?

(গ) পত্রের সম্বোধন অংশে কী থাকে?

(ঘ) আনুষ্ঠানিক পত্রের একটি উদাহরণ দাও।

২২। প্রতিবেদকের দায়িত্ব কী? ২

অথবা

২৩। টীকা লেখো : ২

আন্তঃকার্যালয় পত্র

২৪। প্রতিবেদনের বৈশিষ্ট্য আলোচনা করো। ৫

অথবা

২৫। কলেজ অধ্যক্ষের কাছে ছুটি চেয়ে একটি আবেদনপত্র লেখো। ৫

★★★



Learnfo